

3 (Sem-5/CBCS) BEN-HE 1

2022

BENGALI

(Honours Elective)

Paper : BEN-HE-5016

(শিশু ও কিশোর সাহিত্য)

Full Marks : 80

Time : 3 hours

***The figures in the margin indicate full marks
for the questions***

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো
(যে কোনো দশটি) :

১×১০=১০

(ক) “শুনতে পেলুম _____ গিয়ে-
তোমার নাকি মেয়ের বিয়ে?”

শূন্যস্থানের সঠিক শব্দটি হল

(i) হাঙড়া

(ii) পোজা

(iii) দীঘা

(iv) পুরী

A23/316

(Turn Over)

(2)

- (খ) 'গোঁফচুরি' কবিতাটির কবি কে ?
- রবীন্দ্রনাথ ঠাকুর
 - নবীনচন্দ্র সেন
 - সুকুমার রায়
 - কামিনী রায়
- (গ) শ্যাম লাহিড়ীর বাসস্থান কোথায় ছিল ?
- হুগলী
 - বালি
 - কোমগর
 - বনগ্রাম
- (ঘ) 'আবোল তাবোল' গ্রন্থে উক্ত সাপুড়ের নাম কী ?
- বাবুরাম
 - শ্যামদাস
 - চণ্ডীদাস
 - প্যালারাম
- (ঙ) 'স্কীরের পুতুল'-এর রচয়িতা কে ?
- বুদ্ধদেব বসু
 - অবনীন্দ্রনাথ ঠাকুর
 - রবীন্দ্রনাথ ঠাকুর
 - জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(3)

- (চ) 'স্কীরের পুতুল'-এ বড়রাণী বানরটিকে কীসের উপর খাওয়াতে বসিয়েছিলেন ?
- আসন
 - পিঁড়ে
 - কেদারা
 - বিছানা
- (ছ) বড়রাণী কী দিয়ে বাঁদরের ছানাটিকে মানুষ করছিলেন ?
- দুধ-কলা
 - কলা
 - রুটি
 - ডাল-ভাত
- (জ) পাঁচুমামার হাতটি কীসের মতো ছিল ?
- লোহা
 - প্যাঁকাটি
 - গদা
 - তুলা
- (ঝ) পদিপিসির সঙ্গী রমাকান্তের কাছ থেকে ডাকাত কত টাকা ছিনিয়ে নিয়েছিল ?
- দুই আনা
 - সাড়ে তিন টাকা
 - পাঁচ আনা
 - সাড়ে সাত আনা

A23/316

(Continued)

A23/316

(Turn Over)

(4)

- (ঞ) পদিপিসি কী দিয়ে চচ্চড়ি রেঁধে বড়লাট সাহেবকে থ করে দিয়েছিলেন ?
- মাংস
 - মাছ
 - পাতা
 - ঘাস
- (ট) গঙ্গারাম কতবার ম্যাট্রিক পরীক্ষা দিয়েছিল ?
- একবার
 - তিনবার
 - উনিশবার
 - একুশবার
- (ঠ) গঙ্গারাম কার বংশধর ছিল ?
- দুর্ধীরামের
 - রামরামের
 - ধর্মরাজের
 - কংসরাজের
- (ড) রাজচন্দ্রবতী ছেলে হওয়ার সংবাদ পেয়ে রাজা বানরকে কী দিয়েছিলেন ?
- হীরের হার
 - হীরের আংটি
 - সোনার বালা
 - দশটি মোহর

(5)

- (ঢ) বিষের নাড়ু খেয়ে অজ্ঞান হওয়ার কতদিন পরে বড়রাণীর জ্ঞান ফিরেছিল ?
- একদিন
 - তিনদিন
 - চারদিন
 - সাতদিন
- (ণ) বানর বড়রাণীর জন্য কোথায় ওষুধের সম্বন্ধে ছুটে গিয়েছিল ?
- হাসপাতালে
 - রাজার কাছে
 - হাটে
 - বনে
- (ত) গোক দেখলে পাঁচুমামার ভাগ্নের কী অবস্থা হত ?
- স্বর আসত
 - মাথা ধরে যেত
 - হাঁটু বেঁকে যেত
 - আনন্দ হত
- (থ) নিমাইখুড়ো কোথায় থাকতেন ?
- উনিশ বিঘার কলাবাগানে
 - বিশ বিঘার আমলকী বনে
 - বাইশ বিঘার আমবাগানে
 - বত্রিশ বিঘার শালবনে
- (দ) পদিপিসি যখন নিমাইখুড়োর বাড়ি যাচ্ছিলেন তখন তাঁর গায়ে কী ছিল ?
- চাদর
 - বালাপোশ
 - কম্বল
 - সোয়েটার

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) 'খিচুড়ি' ছড়ায় বর্ণিত জিরাফের সাথ কী ছিল, লেখো।
- (খ) 'গোঁফচুরি' ছড়াটিতে বড়বাবু কী কারণে রেগে উঠেছিলেন এবং সবাইকে কী বলে শাসিয়েছিলেন?
- (গ) গঙ্গারাম কোন্ দুটি রোগে ভুগত?
- (ঘ) গঙ্গারামের কনিষ্ঠ ভাইটি কী কাজ করত এবং কত টাকা রোজগার করত?
- (ঙ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে রাজা দুই রাণীর কাছ থেকে বিদায় নিয়ে কোন্ দেশে পাড়ি দিয়েছিলেন? সেখানে পৌঁছোতে তাঁর কতদিন লেগেছিল?
- (চ) 'ক্ষীরের পুতুল' গ্রন্থের কাহিনিতে রাজার বড়রাণীর নাম কী ছিল? তাঁর দাসীর সংখ্যা কত, লেখো।
- (ছ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে রাজার বিদেশ যাত্রার প্রাক্কালে সুয়োরানী রাজার কাছে যে জিনিসগুলির জন্যে আবদার করেছিল তার মধ্য থেকে দুটি জিনিসের নাম লেখো।
- (জ) পদিপিসির বর্মীবাজ হারানোর কত বছর হয়েছিল? কে এই বর্মীবাজ খুঁজে বের করার দায়িত্ব নিয়েছিল?
- (ঝ) ট্রেনে পাঁচুমামাকে তার ভাগ্নে যা যা খাবার খাইয়েছিল তার মধ্য থেকে যে কোনো দুটি খাবারের নাম লেখো।
- (ঞ) পদিপিসি নিমাইখুড়োর সিঁদুক থেকে কোন্ দুটি জিনিস নিয়ে এসেছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“রেগে আশুন তেলে বেগুন, তেড়ে বলেন তিনি,
‘কারো কথার ধার ধারিনে, সব ব্যাটাকেই চিনি।
নোংরা ছাঁটা খ্যাংরা ঝাঁটা বিচ্ছিরি আর ময়লা,
এমন গোঁফ তো রাখত জানি শ্যামবাবুদের গয়লা।”

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“বিষয় আশয়? গরীব বেজায়-
কষ্টে-সৃষ্টে দিন চলে যায়।
মানুষ তো নয় ভাইগুলো তার-
একটা পাগল একটা গোঁয়ার;
আরেকটি সে তৈরী ছেলে,
জাল ক’রে নোট গেছেন জেলে।”

- (গ) 'ক্ষীরের পুতুল'-এ বর্ণিত ছোটরাণী চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) রাজা সুয়োরানীর জন্যে যে শাড়ি এনেছিলেন সে সম্পর্কে যা জান লেখো।
- (ঙ) নিমাইখুড়োর কাছ থেকে পদিপিসির বর্মীবাজ প্রাপ্তির ঘটনাটি নিজের ভাষায় লেখো।
- (চ) ট্রেনে সবাই শুয়ে পড়লে পাঁচুমামার ভাগ্নে জাগ্রত এবং নিদ্রিত অবস্থায় কী কী দেখেছিল তা নিজের ভাষায় লেখো।
- (ছ) 'বাবুরাম সাপুড়ে' ছড়াটির বিষয়বস্তু আলোচনা করো।
- (জ) 'পদিপিসির বর্মীবাজ' গ্রন্থের পাঁচুমামা চরিত্রটির বৈশিষ্ট্য তুলে ধরো।